# English Literature

**(Online Class)**

## Class Lecture-5
## Old English to Renaissance

প্রয়োজনীয় তথ্যগুলো খাতায় নোট করে রাখবে। বিস্তারিত গল্প ক্লাসে বলা হবে।

**By:**

**Sharif Hossain Ahmad Chowdhury**

*BA (Hons), MA in English, BEd (Professional)*

*MM (Al Hadith), MBA in Mgt Studies (DU)*

**Author: A Handbook on English Literature & Viva**

**Academic Adviser & Senior Teacher, BCS Oditi**

Presently working under the Ministry of Education

**Follow:** ***harif_bmc@yahoo.com***; **+1-716-279-7507** (***sms***)

# 1. The Old English Period


**Duration: 450-1066**

**এ যুগ সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ তথ্য:**

✓ এ যুগের অন্য নাম **The Anglo Saxon Period**; *(Saxon জার্মানির একটি উপজাতি)* (অর্থাৎ 450-1066 সাল পর্যন্ত জার্মানির Saxon, Angles এবং Jutes সহ বিভিন্ন দুর্ধর্ষ জাতিগোষ্ঠীর লোকেরা England কে দখলে রেখেছিল।)

**ইংরেজি সাহিত্যের আদি নিদর্শন:**

## Beowulf (বেওউল্ফ):



*First page of* ***Bewulf***

➢ **এই মহাকাব্যের রচয়িতা কোন এক অজ্ঞাতনামা অ্যাংলো স্যাক্সন কবি। গবেষকরা তাকে *বেউলফের কবি* নামে চিহ্নিত করেন। এটিকে ইংরেজি সাহিত্যের আদি নিদর্শন, তথা *First Monument in English Literature* বলা হয়।** [যেমন: বাংলায় চর্যাপদ]

➢ এটিকে The Earliest Epic (মহাকাব্য) in England-ও বলা হয়ে থাকে। সম্ভবত ৬৫০ সালে রচিত হয়েছিল। (যেমন: বাংলা সাহিত্যে প্রথম এবং সার্থক মহাকাব্য মাইকেল মধুসূদনের *মেঘনাদ বধ* -১৮৬১ সালে)

➢ একাব্যটি স্ক্যান্ডিনেভিয়া অঞ্চলের পটভূমিতে রচিত হলেও ইংল্যান্ডের জাতীয় মহাকাব্যের স্বীকৃতি পায়। **এটিকে ইংরেজি সাহিত্যের প্রথাগত ইতিহাসের প্রথম গুরুত্বপূর্ণ নমুনার মর্যাদা দেওয়া হয়।**

➢ বিনোদনের জন্য রচিত প্রাচীন ইংরেজি ভাষায় লিখিত এই Heroic Epic টিতে ৩১৮২ টি লাইন ছিল। মহাকাব্যের নায়কের নাম হল Beowulf, যিনি England কে প্রথমে (যৌবনে) পাতালপুরীর রাক্ষসদের হাত থেকে রক্ষা করেছিলেন। পরে (শেষ বয়সে) ড্রাগনদের হাত থেকে রক্ষা করতে গিয়ে নিজে মারা যান। এই গ্রন্থের মূল পাণ্ডুলিপি লন্ডনের ব্রিটিশ মিউজিয়ামে সংরক্ষিত আছে।

**বেউলফের সারসংক্ষেপ:**

মহাকাব্যের প্রধান চরিত্র বেউলফ হলেন গেটস জাতীয় এক যোদ্ধা। তিনি ডেনস রাজা হ্রথগারকে সাহায্য করতে আসেন। হ্রথগারের বিশাল প্রাসাদ হেওরটে গ্রেন্ডেল নামে এক দৈত্য হানা দিচ্ছিল। বেউলফ গ্রেন্ডেলকে খালি হাতে হত্যা করেন। তারপর দৈত্যের বাসা থেকে পাওয়া এক তরবারির সাহায্যে তিনি গ্রেন্ডেলের মাকে হত্যা করেন। পরবর্তী জীবনে বেউলফ গেটসদের রাজা হন। এক ড্রাগন তার রাজ্যে হানা দিতে শুরু করে। একটি সমাধিস্তূপে রক্ষিত এই ড্রাগনের ধনসম্পত্তি চুরি গিয়েছিল। নিজের ভৃত্যদের সাহায্যে বেউলফ ড্রাগনটিকে আক্রমণ করলেন। কিন্তু তারা সফল হলেন না। বেউলফ ড্রাগনটির পিছু নিয়ে আর্নানিসে তার বাসায় গেলে। তার সঙ্গে কেউ যেতে চাইলেন না। শুধু তার তরুন সুইডিশ আত্মীয় উইগলাফ তার সঙ্গে গেলেন। অবশেষে বেউলফ ড্রাগনটিকে হত্যা করতে সক্ষম হলেন। কিন্তু যুদ্ধে তিনি গুরুতর আহত হয়ে মারা গেলেন। সমুদ্রের ধারে একটি সমাধিস্তূপে তাকে সমাধিস্থ করা হয়।

**মনে রাখুন:** ***জার্মানির দুর্ধর্ষ Saxon-রা ৪৫০ সালে শুধু ইংল্যান্ড দখলই করেনি বরং ইংরেজি ভাষা চর্চার উপর এক ধরনের নিষেধাজ্ঞা আরোপ করে। তারা দরিদ্র ইংরেজদেরকে দাস-দাসীতে পরিণত করে এবং সম্ভ্রান্ত ইংরেজদেরকে দেশ থেকে বিতাড়িত করে। ফলে এ যুগে বিশুদ্ধ ইংরেজি ভাষায় কোন সাহিত্য রচিত হয়নি।***

# Anglo Saxon Period এর কিছু গুরুত্বপূর্ণ সাহিত্যিক:

## 1. Caedmon: (ক্যাডমন)


- ✓ তাকে ইংরেজি সাহিত্যের আদিকবি বলা হয়। তিনি খ্রিষ্টীয় ভাবধারার কবি ছিলেন।
- ✓ Earliest poet/ first known poet in English Literature
  - ➢ যেমন: বাংলা সাহিত্যের আদিকবি লুইপা

## 2. Cynewulf: (কেনেউলফ)

- ✓ He is one of twelve Old English poets known by name, and one of four whose work is known to survive today.
- ✓ *Juliana* তার একটি বিখ্যাত কবিতা।

## 3. Saint Venerable Bede: (673-735)

- ✓ তার উপাধি: Doctor of the Church/ **Father of Learning**
- ✓ তাকে First historian in English language বলা হয়। (**বি.দ্র:** বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস বিষয়ক গ্রন্থ দীনেশ চন্দ্র সেনের *বঙ্গভাষা ও সাহিত্য)*




## 4. King Alfred the Great: (849-899)

- ✓ তার উপাধি: The Law Governing (আইনের শাসক)
- ✓ তিনি ৮৭১ সাল থেকে ৮৯৯ সাল পর্যন্ত তৎকালীন England এর রাজা ছিলেন।
- ✓ He compiled the **Anglo Saxon Chronicle**. (অর্থাৎ Anglo Saxon Chronicle নামে প্রথম গদ্যগ্রন্থ এ যুগেই সংকলিত হয়।)
- ✓ এটিকে First monument in English prose বা **ইংরেজি গদ্যের আদি নিদর্শন** বলা হয়। (*বাংলা সাহিত্যের প্রথম গদ্য:* পর্তুগিজ পাদ্রি মানোএল-দ্য আসসুম্পসাঁও সংকলিত ***কৃপার শাস্ত্রের অর্থভেদ****)*
- ✓ এ কারণে তাকে Founder of English Prose-ও বলা হয়। (*যেমন: বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর)*
- ✓ **King Alfred the Great** spread educational institutions in this period.

# 2. The Middle English Period

**এ অধ্যায়ে উল্লেখযোগ্য তিনটি যুগ রয়েছে:**

(a) 1066-1340: **The Anglo Norman**
(b) 1340-1400: **The Age of Chaucer**
(c) 1400-1485/1500: **The Dark/ Barren Period**

**মধ্যযুগের কিছু গুরুত্বপূর্ণ ঘটনা:**

- ✓ 1066 সালে ফ্রান্সের Norman জাতি এসে জার্মান Saxon-দেরকে পরাজিত করে England দখল করে নেয়। এ জন্য 1066-1340 সাল পর্যন্ত সময়কে Anglo Norman Period বলা হয়। এ যুগে ফরাসি ভাষা ও সংস্কৃতি জোর করে ইংরেজদের উপর চাপিয়ে দেয়া হয়। **এ যুগে সরকারি ভাষা ছিল ফরাসি। আদালতের সওয়াল-জবাবও ইংরেজিতে করা যেত না।**
- ✓ 1400-1500 সাল পর্যন্ত সময়কে Barren/ Dark Period বলা হয়।
- ✓ ধর্মীয় শিক্ষা সম্প্রসারণের উদ্দেশ্যে এই Anglo Norman যুগেই বিখ্যাত Oxford (১০৯৬) এবং Cambridge (১২০৯) বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।
- ✓ **Magna Carta** (মহাসনদ) was passed on **15 June 1215.***
- ✓ In 1295, **English Parliament** was established.
- ✓ এই যুগে (11th-13th Century) মুসলমান ও খ্রিস্টানদের মাঝে ঐতিহাসিক **Crusade** (ধর্মযুদ্ধ) হয়।
- ✓ 1337-1453 সাল পর্যন্ত ইংল্যান্ড-ফ্রান্সের মাঝে **শতবর্ষ যুদ্ধ (Hundred Year War)** হয়। (ইংল্যান্ডের রাজা ৩য় এডওয়ার্ড ফ্রান্সের সিংহাসন দাবি করলে এ যুদ্ধ শুরু হয়)
- ✓ ১৩৬২ সালে প্রথমবারের মত ইংরেজিকে **Language of law and court** হিসেবে ঘোষণা করা হয়। (**উল্লেখ্য,** ১৮৩৭ সালে ভারতীয় উপমহাদেশে ফারসি ভাষার পরিবর্তে ইংরেজি ভাষাকে রাষ্ট্রভাষা করা হয়। আর পাকিস্তানের গণপরিষদে বাংলা ভাষাকে ১৬ ফেব্রুয়ারি ১৯৫৬ সালে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি দেয়া হয়।)
- ✓ **William Caxton** established printing press in 1476. এজন্য তাকে First English Printer বলা হয় [বি.দ্র: ১৭৭৭ সালে জেমস হিকি প্রথম কাঠের প্রেস তৈরি করে বঙ্গদেশে মুদ্রণ ব্যবসা চালু করেন। তবে চার্লস উইলকিন্সকে বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় এবং তার নির্দেশে পঞ্চানন কর্মকার বাংলা অক্ষর খোদাই করেন]
- ✓ ১৪৯২ সালে ইতালীয় নাবিক **Christopher Columbus** আটলান্টিক মহাসাগর অতিক্রম করে বাহামা দ্বীপে অবতরণের মাধ্যমে আমেরিকা মহাদেশ আবিষ্কার করেন।
- ✓ ১৪৯৮ সালে পর্তুগিজ নাবিক **Vasco Da-Gama** ভারতে পৌঁছেন।
- ✓ এ যুগেই জ্যোতির্বিজ্ঞানী Copernicus (জন্ম ১৪৭৩) প্রমাণ করেছিলেন যে, **"The Sun is the center of all planets."** আর কোপার্নিকাসের মতবাদ প্রচারের দায়ে তার ছাত্র জিয়ার্দানো ব্রুনোকে আগুনে পুড়িয়ে হত্যা করা হয়।

# Middle English Period এর কিছু গুরুত্বপূর্ণ সাহিত্যিক:

## 1. Geoffrey Chaucer: (জিওফ্রে/জেফ্রি চসার, 1340-1400)

- ✓ তিনি 14th century'র বিখ্যাত কবি (Representative Poet) ছিলেন।
- ✓ তিনি একাধারে কূটনীতিক, দার্শনিক, আমলা, রাজ-উপদেষ্টা ও রাষ্ট্রদূত ছিলেন।
- ✓ তার নামানুসারে Age of Chaucer (1340-1400) নামকরণ করা হয়েছে।
- ✓ তাকে অনেকে Morning Star of Renaissance বলে থাকেন।
- ✓ **Titles:** Father of English Language
  Father of English Literature
  **Father of English Modern Poetry ***
  First Humourist in English Literature
  The first great English story-teller/ first great modernist
- ✓ তিনিই বিশুদ্ধ ইংরেজি ভাষায় প্রথম কবিতা লিখেন। (Saxon এবং Norman যুগে বিশুদ্ধ ইংরেজি ছিল না। বি.দ্র: Father of Bengali Modern Poems- মাইকেল মধুসূদন) ।
- ✓ **তার বিখ্যাত উক্তি, 'Time and tide wait for no man.'** (সময় এবং নদীর স্রোত কারো জন্য অপেক্ষা করে না)


**The Canterbury Tales তার শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ।** **দ্য ক্যান্টারবেরি টেলস** মূলত ১৭,০০০ লাইন বিশিষ্ট কাব্যে রচিত একটি অসমাপ্ত বর্ণনামূলক গল্পগ্রন্থ। সাউথওয়ার্ক থেকে ক্যান্টারবেরি ক্যাথেড্রালে অবস্থিত সেন্ট থমাস বেকেটের সমাধির উদ্দেশ্যে গমনকারী তীর্থযাত্রীদের গল্প বলার প্রতিযোগিতার অংশ হিসেবে গল্পগুলো (অধিকাংশই পদ্য, যদিও কিছু কিছু গদ্যও রয়েছে) বর্ণিত হয়। প্রতিযোগিতার পুরস্কার ছিল ফেরার পথে সাউথওয়ারর্কের টাবার্ড সরাইখানায় একবেলা বিনা পয়সার খাবার। চসার তার গল্প এবং গল্পের চরিত্রগুলোর মধ্য দিয়ে সমসাময়িক ইংরেজদের সমাজের বিশেষ করে ব্রিটিশ চার্চের বিদ্রুপাত্মক ও সমালোচনামূলক চিত্র ফুটিয়ে তোলার চেষ্টা করেছেন। চসার এখানে মৌলিক ও স্বতন্ত্র চরিত্রের রূপায়ন করেছেন এর মধ্যে রয়েছে নাইট, স্কোয়ার, সৈনিক, ডক্টর, আইনজ্ঞ, প্রভৃতি শ্রেণির লোক, তেমনি রয়েছে অক্সফোর্ডের কেরানী, চাষী, ব্যবসায়ী, ছুতোর, তাতি, পাচক প্রভৃতি নিচু শ্রেণির লোক। সাধু, সন্ন্যাসী, ভিক্ষুকের উপস্থিতি ও বাদ যায় নি (মোট **৩২টি চরিত্র**) । গ্রন্থটি ১৪৭৮ সালে প্রথম ছাপা হয়।

**চসারের কাব্য সাহিত্যকে তিনটি ভাগে চিহ্নিত করা হয়:**


- ➢ The French Period
- ➢ The Italian Period
- ➢ The English Period

**এছাড়াও তার বিখ্যাত কবিতাগুলো হলো:**

- ➢ The House of Fame
- ➢ Troilus and Criseyde
- ➢ Nun Priest's Tale
- ➢ The Parliament of Fowls
- ➢ The Legend of Good Women



*জিওফ্রে চসার*






ইংল্যান্ডের দক্ষিণ-পূর্ব দিকে অবস্থিত কেন্ট কাউন্টির (বিভাগ) একটি ঐতিহ্যবাহী শহর ক্যান্টারবেরি। শহরটি ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের অন্তর্ভুক্ত। ইংরেজি সাহিত্যের জনক হিসেবে খ্যাত মধ্যযুগীয় লেখক ও কবি জেফ্রি চসার এর বিখ্যাত গল্পগ্রন্থ *দ্য ক্যান্টারবেরি টেলস* এই শহরকে কেন্দ্র করেই রচিত।

## 2. William Langland:

✓ তার বিখ্যাত কাব্যগ্রন্থ: Piers Plowman

**Quote:** **Who will bell the cat?** (বিড়ালের গলায় ঘন্টি বাঁধবে কে?)

একদা কিছু বিপদাপন্ন ইঁদুর নিজেদের প্রাণ বাঁচানোর জন্য আলোচনা সভায় বসলো। তাদের সকলের শত্রু একজনই। একটি বিড়াল তাদের শত্রু। তাদের জীবনের ঘন্টা বাজাতে বিড়ালটি সর্বদা সজাগ। নানা তর্ক-বিতর্ক শেষে ইঁদুরেরা কিছু একটা করতে চাইলো। তারা বুঝতে পারলো, বিড়ালটি তাদের কাছাকাছি আসার আগেই তার গতিবিধি তাদের বোঝা দরকার। এটা করতে পারলে বিড়ালটি কাছে আসার আগেই তারা সতর্ক হয়ে যেতে পারবে। বিড়ালের নিষ্ঠুর থাবার হাত থেকে বাঁচার জন্য তাদের কিছু একটা করতে হতোই। বিড়ালের ভয়ে তারা নির্ভয়ে গর্তের বাইরে দিনে কিংবা রাতে বিচরণও করতে পারতো না। একারণেই আলোচনা সভার আয়োজন। সভায় নানা রকম ফন্দি আঁটা হলো। তবে কেউই বিড়ালকে রুখে দেবার মতো ফন্দি বের করতে পারলো না। এমন সময় সভার মাঝখান থেকে একটা যুবক ইঁদুর দাঁড়িয়ে বললো, "আমার কাছে একটা দারুণ বুদ্ধি আছে। পরিকল্পনাটা সহজ-সরল, কিন্তু আমার মনে হয় এটা কাজ করবে। আমাদের বিড়ালের গলায় একটা ঘন্টা বাঁধতে হবে, যাতে সে আমাদের কাছাকাছি আসলেই তার 'ম্যাঁও ম্যাঁও' আওয়াজ শুনে আমরা সতর্ক হতে পারি।" যুবক ইঁদুরের পরিকল্পনায় সবাই উৎসাহিত হলো। তারা সবাই ভাবতে লাগলো, কেন এই সহজ বুদ্ধিটি আগে থেকে তাদের মাথায় আসেনি? এমন সময় একটা প্রবীণ ইঁদুর দাঁড়িয়ে বললো, "এটা বলতেই হবে যুবক ইঁদুরের বুদ্ধিটি দারুণ। কিন্তু আমার একটা প্রশ্ন আছে, বিড়ালের গলায় ঘন্টা বাঁধবে কে?" প্রবীণ ইঁদুরের প্রশ্ন শুনে সবাই চুপ হয়ে গেলো। **শিক্ষা:** বলা সহজ কিন্তু করা কঠিন।




## 3. John Wycliff: (উইক্লিফ, ১৩৩১-১৩৮৪)

**Titles:**

- **Morning Star of the Reformation**
- Evening Star of English Scholasticism
  (Scholasticism মধ্যযুগীয় একটি দার্শনিক মতবাদ)
- Reformer of English Church (চার্চের সংস্কারক)
- Father of English prose (গদ্য)/ **First prose writer** in English
  (আলফ্রেড দ্য গ্রেটের নাম না থাকলে)


✓ তার অনুসারীরা Lollards নামে পরিচিত, যারা পরবর্তীতে পোপ বিরোধী আন্দোলন তথা Protestant Reformation এর জন্য সমাদৃত।

✓ তিনি প্রথমবারের মত **Bible** (নিউ টেস্টামেন্ট) এর ইংরেজি অনুবাদ করেন (গদ্য রীতিতে)। যেমন:

- জার্মান ভাষায় প্রথম Bible অনুবাদ করেন জার্মানির ধর্ম সংস্কারক Martin Luther।
- বাংলা, হিন্দি, উড়িষ্যা, সংস্কৃত, অসমীয় ও আরবি ভাষায় প্রথম বাইবেল অনুবাদ করেন ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের প্রতিষ্ঠাতা প্রধান উইলিয়াম কেরি।

## 4. Sir Thomas Malory: (১৪১৫-১৪৭১)

- ✓ তার বিখ্যাত গদ্যগ্রন্থের নাম **Morte D' Arthur** । এটি উইলিয়াম ক্যাক্সটন কর্তৃক 1485 সালে প্রকাশিত হয়। এটি ইংরেজি সাহিত্যের First Romance in prose ।
- ✓ তবে *Morte D' Arthur* নামে কবিতা লিখেছেন কবি Tennyson।




## 5. Dante: (দান্তে আলিগিরি, ১২৬৫-১৩২১)

- ✓ পুরো নাম: Dante Alighieri ; জন্ম: ইতালির ফ্লোরেন্সে
- ✓ Titles: **The Father of the Italian Language/ The Supreme Poet of Italy**
- ✓ তার বিখ্যাত Epic এর নাম: **The Divine Comedy**
- ✓ Dante (দান্তে), Petrarch (পেত্রার্ক) এবং Boccaccio (বোক্কাচিও) এই তিন জন বিখ্যাত ইতালীয় কবিকে একত্রে The Three Crowns/ Three Fountains বলা হয়।
- ✓ কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় Divine Comedy অবলম্বনে তাঁর ***ছায়াময়ী*** কাব্য রচনা করেন।
- ✓ **Inferno (মানে Hell/ নরক)** নামে কবি Dante'র একটি বিখ্যাত কবিতা আছে। It is the first part of the *Divine Comedy*.

***Divine Comedy এর সারসংক্ষেপ:*** মহাকাব্যটি তিন পর্বে বিভক্ত যথা: **ইনফেরনো**, **পুরগাতোরিও** এবং **পারাদিসো**। খ্রিস্টান ধর্মের দৃষ্টিকোণ থেকে দান্তের নরক ভ্রমণ ও স্বর্গ গমণের কাহিনী এ মহাকাব্যের মূল উপজীব্য। প্রকৃতপক্ষে এ কবিতায় স্রষ্টার দিকে আত্মার ভ্রমণের কথাই বলা হয়েছে। দান্তে মধ্যযুগের খ্রিস্টান ধর্মচিন্তা ও দর্শন ফুটিয়ে তুলেছেন। উত্তমপুরুষে লেখা এ কাব্যে দেখা যায় তিনটি ভিন্ন জগতে দান্তের ভ্রমণ। রোমান কবি ভার্জিলকে দেখা যায় তার নরক ও পুরিগাতোরিও ভ্রমণে নির্দেশক হিসেবে থাকতে; বিয়েত্রিচ, দান্তের প্রেমিকা, তাকে স্বর্গে নিয়ে যায়। বিয়েত্রিচ ছিলো ফ্লোরেন্স শহরের এক রমণী, যার সাথে দান্তোর শৈশবে দেখা হয়।

# 3. The Renaissance

## Duration: 1500-1660

**এ অধ্যায়ে Renaissance'র উল্লেখযোগ্য চারটি যুগ আলোচিত হয়েছে:**

(a) 1558-1603: **The Elizabethan Period**
(b) 1603-1625: **The Jacobean Period**
(c) 1625-1649: **The Caroline Period**
(d) 1649-1660 : **The Commonwealth Period**

## রেনেসাঁ যুগ সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ তথ্য:

**রে**নেসাঁ বলতে সাধারণত মধ্যযুগের সংকীর্ণ পণ্ডিতপনার অন্তিম পর্যায় ও পাশ্চাত্য আধুনিক যুগের আদি পর্যায়কে বুঝায়। এর মাধ্যমেই ইউরোপ মধ্যযুগ থেকে আদি আধুনিক যুগে উন্নীত হয়।

✓ Actually European Renaissance began in **14th Century** in Italy.

✓ **Renaissance means-** Revival/ Regeneration/ Rebirth, re-awakening (পুনর্জন্ম) of classical (ancient Greek and Roman) learning, culture and free thinking. (***14th Century:*** *1301-1400*)

✓ Renaissance is a **French word**. It is considered the bridge between the Middle ages and the Modern history.

✓ রেনেসাঁ চতুর্দশ শতকে প্রথমে **Florance** শহরে এবং পরে Venice ও Rome শহরে ছড়িয়ে পড়ে। তবে, England এ রেনেসাঁ শুরু হয় ১৫০০ সালে।

✓ Renaissance এর যুগকে **Re-discovery of Ancient Civilization of Greece and Rome** বলা হয়।



***Florence**, birthplace of Renaissance*

✓ Renaissance কে **Early Modern Period**-ও বলা হয়। কারণ, আধুনিকতা ও রোমান্টিসিজমের সূচনা এ যুগ থেকেই শুরু হয়।

✓ অনেকে ইতালীয় **কবি পেত্রার্ককে Father of Renaissance,** Father of Humanism মনে করেন।

✓ 1500-1558 সাল পর্যন্ত সময়কে England এর Renaissance'র প্রস্তুতি যুগ বলা হয়।

## রেনেসাঁ যুগের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য:

Humanism, Free Thinking, Nationalism, Individualism ইত্যাদি।

## রেনেসাঁর যুগে ভিঞ্চি এবং মাইকেলেঞ্জেলো'র আঁকা বিখ্যাত কিছু চিত্রকর্ম:

**Leonardo Da Vinci** (জন্ম ১৪৫২, ফ্লোরেন্স, ইতালি) এর বিখ্যাত **The Last Supper**, La Giaconda, **Mona Lisa**, The Virtuvian Man, The Madonna and Child **রেনেসাঁ যুগের শ্রেষ্ঠ চিত্রকর্ম। তিনিই প্রথম হেলিকপ্টারের চিত্র অঙ্কন করেছিলেন।** (তবে ১৭৪০ সালে প্রথম হেলিকপ্টার তৈরি করা হয়)। লিউনার্দো দ্য ভিঞ্চি ছাড়াও ইতালির **Michelangelo** (মাইকেলেঞ্জেলো, ১৪৭৫) এ যুগের বিখ্যাত চিত্রকর ছিলেন। তার শ্রেষ্ঠ চিত্রকর্ম হলো 'মোজেস', ডেভিড, পিয়েতা (Pieta), The Last Judgement এবং The Creation of Adam।



*Mona Lisa*



*ভিঞ্চির আঁকা কল্পিত হেলিকপ্টার*



*Madonna and Child*



*The Virtuvian Man*



*The Last Supper*



*পিয়েতা*



*The Last Judgement*

## রানী এলিজাবেথের (১৫৫৮-১৬০৩) পূর্বে টিউডর বংশের শাসকগণ:

1. **Henry (VII):** 1485-1509 (রানী এলিজাবেথের দাদা)
2. **Henry (VIII):** 1509-1547 (রানী এলিজাবেথের বাবা)
3. **Edward (VI):** 1547-1553 (এলিজাবেথের সৎ ভাই; ১৬ বছর বয়সে যক্ষ্মায় মৃত্যু)
4. **Queen Mary:** 1553-1558 (এলিজাবেথের বড় সৎ বোন তথা ক্যাথেরিনের একমাত্র জীবিত কন্যা ছিলেন। অসংখ্য প্রোটেস্ট্যান্ট হত্যার দায়ে তাকে *রক্ত পিপাসু* মেরি বা Bloody Mary বলা হয়। কুইন মেরি Uterine তথা জরায়ু সংক্রান্ত cancer এ মারা যান)

**উল্লেখ্য:** **রানী এলিজাবেথের বাবা Henry (VIII) ৬টি বিয়ে করেছিলেন। তারা হলেন:**
**১. Catherine of Aragon** (divorced, mother of Mary I) **২. Anne Boleyn** (executed, mother of Elizabeth I) **৩. Jane Seymour** (died days after giving birth to Edward VI, believed to be caused by birth complications) **৪. Anne of Cleves** (divorced, outlived the rest of the wives) **৫. Catherine Howard** (divorced and later executed) **৬. Catherine Parr** (widowed).

# a. The Elizabethan Period

Duration: 1558-1603

**ইং**ল্যান্ডের রানী প্রথম এলিজাবেথ একজন নারী, যার জন্মের সময় তার পিতা আশা করেছিলেন পুত্রসন্তান। কন্যারূপে জন্ম হওয়ায় যার মাকে ফাঁসিকাষ্ঠে ঝুলতে হয়েছিল- সেই নারীই কালের পরিক্রমায় হয়ে উঠেছিলেন পৃথিবীর ইতিহাসের সবচেয়ে বৃহৎ ও শক্তিশালী সাম্রাজ্যের একচ্ছত্র অধিপতি। রানী এলিজাবেথ- ইংল্যান্ডের শ্রেষ্ঠতম শাসক, যার রাজত্বে ইংরেজি সাহিত্য হয়ে উঠে ছিলো বিশ্বসাহিত্যের মধ্যগগনের উজ্জ্বলতম সূর্য। যার কূটনৈতিক দক্ষতা ও শাসকসুলভ বিচক্ষণতা ডুবন্ত ইংল্যান্ডকে নতুন করে বাঁচিয়ে তুলে তুমুল শক্তিশালী হিসাবে রাজ্যের নতুন পথচলা সূচনা করে। এই রানী এলিজাবেথই তার পিতার প্রতিষ্ঠিত চার্চ অব ইংল্যান্ড **(Anglicanism)** কে শক্তিশালী করে তুলে ইংল্যান্ডের রাজধর্মকে পৃথিবীর বুকে সমুন্নত রাখার সাহসী পদক্ষেপ নেন। ইংল্যান্ডের সিংহাসনে বিদেশী রাজা নিরাপদ মনে করেননি এলিজাবেথ। তাই রাজসভাতে ঘোষণা দিলেন- ***ইংল্যান্ডই তার প্রথম স্বামী, তার প্রথম ভালোবাসা।*** **ইংল্যান্ডের স্বার্থের অক্ষুণ্ণতার জন্য সারাজীবন কুমারী রয়ে যাওয়া তার জন্য সম্মানেরই বৈকি!** এভাবে কুমারী রানী থেকে যান কুমারীই।

## Titles of the Age:



- **Golden Period of English Literature/Drama**
- A nest of singing birds (গায়ক পাখির বাসা)

এ যুগের কিছু গুরুত্বপূর্ণ তথ্য:

✓ **Queen Elizabeth (I) এর নামানুসারে এ যুগের নামকরণ করা হয়।**

✓ **তিনি ১৫৩৩ সালে জন্মগ্রহণ করেন। তাকে Virgin Queen বলা হয়।**

✓ তিনি **টিউডর বংশের** রাজা Henry (VIII) ও রানী Anne Boleyn এর কন্যা ছিলেন।

✓ **এলিজাবেথের বয়স যখন আড়াই বছর তখন তার মা এনি বোলিনকে** বিশ্বাসঘাতকতা ও চরিত্রহীনতার মিথ্যা অভিযোগে **শিরশ্ছেদ করে হত্যা করা হয় এবং এলিজাবেথকে অবৈধ সন্তান হিসেবে ঘোষণা করা হয়।**

এই শতকে (রেনেসাঁর যুগে) খ্রিস্টান ধর্ম দুটি ভাগে বিভক্ত হয়ে পড়ে:

**(a) Catholic/Papist**: ধর্মগুরু Pope এর অনুসারী

**(b) Protestant:** Against the Pope (পোপবিরোধী)

✓ জার্মানির ধর্ম সংস্কারক Martin Luther এবং Switzerland এর Calvin এবং Zwingli তৎকালীন Pope ও ধর্মযাজকদের স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে Protest করেছিলেন। তাই তাদের অনুসারীদের Protestant বলা হয়।

✓ রাজা Henry (VIII) তার personal advantage (তথা দ্বিতীয় বিয়ে সংক্রান্ত বিষয়) এর জন্য England এ Protestantism চালু করেন। ফলে England এ Civil War শুরু হয়। রানী Elizabeth ১৫৫৮ সালে ক্ষমতায় এসে religious problems দূর করার জন্য **Anglicanism*** চালু করার মাধ্যমে Civil War এর সমাপ্তি ঘটান।

★ **Anglicanism** means England's own church.

✓ **"A good face is the best letter of recommendation."**

(মানে, পেহেলে দর্শনদারী ফের গুণ বিচারী; এটি Queen Elizabeth এর বিখ্যাত উক্তি)

* ১৫৬০ সালে রানী এলিজাবেথ লন্ডনে **West Minister Abbey** নামে একটি চার্চ পুনর্নির্মাণ করেন। এখানে ব্রিটিশ রাজা রানীদের সিংহাসন আরোহণ অনুষ্ঠান ও শেষকৃত্য অনুষ্ঠিত হয়। এখানে ২য় বিশ্বযুদ্ধে নিহত অনেক অজ্ঞাতনামা যোদ্ধাদের সমাধি রয়েছে। এখানে Poet's Corner এ কবি চসার, বিজ্ঞানী নিউটন, চার্লস ডিকেন্স, টেনিসন, ব্রাউনিং, হার্ডি, রুডইয়ার্ড কিপলিং, ডারউইনসহ অসংখ্য বিখ্যাত ব্যক্তিদের সমাধি রয়েছে।



*সম্রাট আকবর (1542 - 1605)*

**মনে রাখুনঃ**

রানী এলিজাবেথের আমলে ১৬০০ সালে ২১৮ জন ইংরেজ বণিকের প্রচেষ্টায় ***দ্য কোম্পানি অফ মার্চেন্টস অফ লন্ডন ট্রেডিং ইনটু দি ইস্ট ইন্ডিজ*** নামে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি গঠিত হয়। এ সময় ভারতে দিল্লির সম্রাট ছিলেন আকবর। রানী এলিজাবেথ এই কোম্পানিকে ২১ বছর পর্যন্ত একচেটিয়া বাণিজ্য করার রাজকীয় সনদ প্রদান করেছিলেন। ১৬০০ সালের ৩১ ডিসেম্বর রানী এলিজাবেথের সনদ বলে উক্ত কোম্পানি উত্তমাশা অন্তরীপ থেকে সমগ্র পূর্বাঞ্চলে বাণিজ্যের একচেটিয়া অধিকার লাভ করে।

উল্লেখ্য, এর আগে ১৫৫৬ সালে পানিপথের ২য় যুদ্ধে আফগান নেতা হিমুকে পরাজিত করার মাধ্যমে সম্রাট আকবর দিল্লির সিংহাসন লাভ করেছিলেন। ১৫৭৬ সালের ১২ জুলাই রাজমহলের যুদ্ধে আকবরের নিকট বাংলাদেশের স্বাধীন সুলতান আফগান বংশীয় দাউদ খান কররানী পরাজিত হলে বাংলাদেশ মোগল সাম্রাজ্যের অধীনে চলে যায়।

## Elizabethan Theatre এর বৈশিষ্ট্য:

1. There were no female writers in that period.
2. Women were not allowed to act.
3. The boys played the role of women.
4. Elizabethan tragedy এর অন্যতম বৈশিষ্ট্য ছিল:
   (a) Revenge (b) Love
5. First English Theatre was established in 1576.
6. Elizabethan Period এর অধিকাংশ নাটক Queen Elizabeth এর সামনে মঞ্চস্থ হয়েছে। প্রথম মঞ্চস্থ নাটক Gorboduc -1562 সালে।

**এ যুগের যেসব সাহিত্যিকদের নিয়ে আমরা আলোচনা করেছি তারা হলেন:**

1. Thomas Norton & Thomas Sackville 2. Christopher Marlowe 3. Edmund Spenser 4. Nicholas Udall 5. Sir Thomas Wyatt 6. Sir Philip Sidney 7. John Webster 8. Ben Jonson 9. Thomas Kyd 10. Thomas More 11. George Chapman 12. Nicholo Machiavelli 13. Migunl de Cervantes 14. Francis Bacon 15. গ্যালিলিও 16. **William Shakespeare**

# Elizabethan Period এর কিছু গুরুত্বপূর্ণ সাহিত্যিক:

## 1. Thomas Norton (1532-1584) এবং Thomas Sackville: (1536-1608)

- ✓ এরা দুইজন **Literary collaborator** (সাহিত্য সহযোগী) ছিলেন।
- ✓ তাদেরকে pioneers (পথিকৃৎ) of English tragedy-ও বলা হয়।

First Tragedy (বিয়োগাত্মক নাটক) in English:


**The Tragedy of Gorboduc** (রাজা গর্বোডাকের ট্র্যাজেডি)

- ➢ এটির অন্য নাম *Ferrex and Porrex*
- ➢ এটি ১৮ জানুয়ারি ১৫৬২ সালে রানী এলিজাবেথের সামনে প্রথম মঞ্চস্থ হয়
- ➢ বাংলা সাহিত্যে প্রথম সার্থক ট্র্যাজেডি হলো মাইকেল মধুসূদন দত্তের ***কৃষ্ণকুমারী***

## 2. Christopher Marlowe:



- ✓ জন্মস্থান: Canterbury of England (1564-1593)
- ✓ তিনি একজন **University Wit** ছিলেন। **See at page 45*
- ✓ ১৫৯৩ সালের ৩০ মে ২৯ বছর বয়সে গুপ্তচরের ছুরিকাঘাতে (stabbing) তিনি নিহত হন। এর আগে ১৮ মে নাস্তিকতার অভিযোগে তাকে গ্রেফতার করা হয়েছিলো। তার মৃত্যুর কারণ এখনও রহস্য।
- ✓ **Title: Father of English Drama/ Tragedy** (সার্থক জনক) **See at page 247*
- ✓ তিনি Shakespeare এর পূর্বে England এর শ্রেষ্ঠ নাট্যকার ছিলেন। শেক্সপিয়র মার্লোর লেখালেখি থেকে বিশেষভাবে প্রভাবিত হয়েছিলেন।
- ✓ তিনি Shakespeare এর Contemporary বা সমসাময়িক হওয়া সত্ত্বেও **predecessor/ পূর্বসূরি লেখক**। (Though Marlowe and Shakespeare were born in the same year, Shakespeare became prominent after Marlowe's mysterious early death.)
- ✓ তিনি নাটকে **Blank verse (অমিত্রাক্ষর ছন্দ)** প্রবর্তন করেন। (বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত) **See at page 219*
- ✓ **'The Passionate Shepherd to His Love'** এবং **'Hero and Leander'** তার অন্যতম lyric (গীতিকবিতা)। মার্লোর মৃত্যুর পর জর্জ চ্যাপম্যান Hero and Leander কবিতাটি সমাপ্ত করেন।




## Famous Tragedies of Marlowe:

**(i) Doctor Faustus** (ডক্টর ফস্টাস্) *****

- এটিকে Morality play-ও বলা হয়।
- পুরো নাম: The Tragical History of the Life and Death of **Doctor Faustus**
- Faustus কে Renaissance Héro বলা হয়।
- নায়ক Faustus তার আত্মাকে ২৪ বছরের জন্য শয়তানের কাছে বিক্রি করেছিল। Satanic figures- **Lucifer**, **Mephistophilis**. ডক্টর ফস্টাস্ নাটকের বাংলা অনুবাদ করেছেন জিয়া হায়দার (১৯৩৬-২০০৮)

(ii) **The Jew** (জ্যু) **of Malta** (Malta'র ইহুদি, চড়া সুদখোর)

- নগর কর্তৃপক্ষের বিরুদ্ধে এক মাল্টা নিবাসী ইহুদীর বর্বরোচিত প্রতিশোধ গ্রহণের কাহিনী নিয়ে এ নাটকটি লেখা হয়েছে। ইহুদিটির নাম Barabas। এ নাটক পড়ে Shakespeare তার ***The Merchant of Venice*** লিখেছেন বলে ধারণা করা হয়। **See at page 36*

(iii) **Tambeurlaine the Great**

- এটি মোঘল সম্রাট বাবরের পূর্বপুরুষ রাজা তৈমুর লংকে নিয়ে লেখা। তৈমুর কিভাবে রাখাল থেকে যোদ্ধা হয়ে উঠেছিলেন সেটিই এ নাটকে দেখানো হয়েছে।

(iv) **Edward (II):** এটি একটি historical play; এই নাটকে রানী ও ব্যারনদের ষড়যন্ত্রে রাজা দ্বিতীয় এডওয়ার্ডের হত্যাকাণ্ডের বর্ণনা রয়েছে।

(v) **Dido, Queen of Carthage** (1586; মার্লোর প্রথম নাটক)

**Quotes:**

**a.** Was this the face that launch'd a thousand ships,
And burnt the topless towers of Ilium.

**b. Sweet Helen, make me immortal with a kiss**. ***-Doctor Faustus***

## 3. Edmund Spenser: (এডমান্ড স্পেন্সার; 1552-1599)

| | |
|---|---|
| **Titles** | ➢ **Poets' poet/ The poet of poets / কবিদের কবি** *** |
| | ➢ **The Child of Renaissance** and Reformation |
| | ➢ Second Father of English Poetry |
| | ➢ Court Poet/ Divine Master/ **The Prince of Poets** |

✓ তার মৃত্যুর পরে বহু কবি সাহিত্যিক বিশেষ করে Romantic যুগের (১৭৯৮-১৮৩২) কবিগণ তার কবিতার Style অনুসরণ করেন। তাই তাকে **কবিদের কবি** বলা হয়।

✓ তিনি Spenserian Sonnet প্রবর্তন করেন। তার সনেট সংকলনের নাম- **Amoretti**।


✓ কবি এডমান্ড স্পেন্সার রাজ দরবারের এতই অনুগ্রহ প্রত্যাশী ছিলেন *দ্য ফেয়্যারি কুইন* নামে বিশাল এক কবিতা লিখেন যেখানে রানী এলিজাবেথই ছিলেন কবিতার প্রধান চরিত্র এবং সৎবোন ও স্কটল্যান্ডের রানী ম্যারির সাথে তার যে দীর্ঘ সময়ের বিরোধ ছিল সেটা কবিতায় উঠে আসে। কবিতায় আরো উঠে আসে রানী ম্যারির মৃত্যুদণ্ড ও পরাজয়ের কথা। কবিতার পরতে পরতে উঠে আসে রানী এলিজাবেথের প্রতি তার সমীহের কথা, দৃষ্টি আকর্ষণের সচেতন প্রচেষ্টার কথা।


স্পেন্সারের বিখ্যাত মহাকাব্যের নাম:

**The Faerie Queen** (ফেয়ারি কুইন; ভাবার্থ- পরীর ন্যায় সুন্দরী রানী)*

- এই অসমাপ্ত মহাকাব্য/ রম্য উপ্যাখ্যানটি ***Allegory*** হিসেবেও খ্যাত **(See at page214)*
- Red Cross Knight এই মহাকাব্যের নায়ক এবং Una ছিলেন নায়িকা।
- এর Theme: Patriotism; এটি রানী এলিজাবেথের প্রশংসা করে এটি রচিত।

স্পেন্সারের মতে, দ্য ফেয়ারি কুইন প্রকাশের উদ্দেশ্য ছিলো *ন্যায়পরায়ণ এবং সুশীল শৃঙ্খলার মাধ্যমে একজন ভদ্রলোক বা মহৎ লোক গঠন করা*। মহাকাব্যটি রাণীর কাছ থেকে এমন সমর্থন পেয়েছিলো যে, সারা জীবনের জন্য তাকে ৫০ পাউন্ডের বাৎসরিক একটি ভাতা মঞ্জুর করা হয়েছিলো, যদিও রানী প্রথম এলিজাবেথ এই কবিতা পড়েছিলেন কিনা তার কোন প্রমাণ নেই।




Famous books and poems:

**(i) The Shepherds Calendar** (রাখালিয়া বারোমাস্যা)

(ii)The Ruins of Time

**(iii) Amoretti** (Collection of 89 sonnets)

✓ Sir Philip Sidney'র মৃত্যু নিয়ে লেখা তার pastoral elegy হলো: Astrophel।

✓ তার কবরের **Epitaph (সমাধিস্তম্ভ-লিপি)** এ লেখা আছে, **'The poet of the poets of his time.'**

## 4. Nicholas Udall: (1505-1556)

Title: **Father of English Comedy** (মিলনাত্মক নাটক) *See at page 220*

First comedy in English:

**Ralph Roister Doister** (রাল্‌ফ রয়েস্টার ডয়েস্টার) *

- এটি ব্যর্থ প্রেমের কমেডি; নায়ক- রাল্‌ফ
- এটি এলিজাবেথের বড় সৎবোন Queen Mary'র সামনে ১৫৫৩ সালে প্রথম মঞ্চস্থ হয়।
- **উল্লেখ্য,** বাংলা সাহিত্যের প্রথম সার্থক কমেডি মাইকেল মধুসূদনের ***পদ্মাবতী***।

✓ Respublica নামে তাঁর একটি Interlude (গর্ভনাটিকা) আছে।

✓ তবে অনেকেই John Still রচিত Gammer Gurton's Needle (1533) কেই ইংরেজি সাহিত্যের প্রথম comedy মনে করেন।

## 5. Sir Thomas Wyatt:

Sir Thomas Wyatt (1503-1542)



উপাধি: **Father of English sonnet***

First Sonneteer in English literature

✓ Earl of Surrey হিসেবে খ্যাত কবি Henry Howard তার Literary Collaborator ছিলেন।

✓ তিনি ইতালীয় কবি Petrarch কে অনুসরণ করতেন এবং তার ধারায় sonnet লিখতেন।

- ✓ তাদের যৌথ কাব্য **Tottel's Miscellany** (এটিকে First Fruit of Renaissance বলা হয়)
- ✓ **বি.দ্র.** কবি Howard রোমান ভাষার বিখ্যাত কবি ভার্জিলের **Aeneid** (ঈনিড) মহাকাব্যের ইংরেজি অনুবাদ করেন।

| | |
|---|---|
| **মনে রাখুন**<br><br>(Sonnet এর সংজ্ঞা ২টি) | a) **Sonnet** is a lyric poem of fourteen lines. The first eight lines are called *Octave* and the last six lines are called *Sestet*. (যেমন: পেত্রার্কীয় সনেট)<br>b) **Sonnet** is a form of poem consisting of three quatrains ending with a rhyming couplet. (যেমন: শেক্সপিয়ারিয়ান সনেট) *See at page 35*<br>* **সনেটের জনক:** ইতালীয় কবি পেত্রার্ক *See at page 245*<br>* **বাংলা সনেটের জনক:** মাইকেল মধুসূদন দত্ত (চতুর্দশপদী কবিতাবলী)<br>* বাংলা ভাষায় ইতালীয় সনেটের প্রবর্তক: প্রমথ চৌধুরী |


## 6. Sir Philip Sidney: (1554-1586)

- ✓ A famous critic and was also a poet and soldier.
- ✓ Sidney was one of the leading members of Elizabethan court.


ক্ষমতা কাঠামোর সাথে সময়ের সেরা নাট্যকার ক্রিস্টোফার মার্লোর (*See at page* 26) বিরোধ থাকলেও স্যার ফিলিপ সিডনি ছিলেন রানী এলিজাবেথের রাজ দরবারের নবরত্নদের অন্যতম। প্রতিভাধর এই কবি রাজ দরবারের এত কাছের লোক ছিলেন ব্রিটিশ রাজের হয়ে কোন একটি ভূখণ্ড জয় করতে গিয়ে মাত্র সাইত্রিশ বছর বয়সে প্রাণ হারান।

- ✓ Famous books:

  (i) The Lady of May
  (ii) An Apology for Poetry (এটি একটি সাহিত্য সমালোচনা গ্রন্থ)
  **(iii) Arcadia** (আর্কেডিয়া; It is called the embryo (seed/ ভ্রুণ) of English novel)




## 7. John Webster: (1580-1634)




- ✓ তাঁর শ্রেষ্ঠ নাটকগুলো Jacobean যুগে রচিত হয়।
- ✓ Famous tragedies:

  (i) The White Devil
  (ii) The Devil's Law Case
  **(iii) The Duchess of Malfi****
  - ➢ এটি একটি Revenge play
  - ➢ Bosola এই নাটকের কুখ্যাত চরিত্র
  - ➢ Bosola কে **Machiavellian**/ selfish character বলা হয়।




## 8. Ben Jonson: (1572-1637)

- ➢ **শেকসপিয়রের পরে সর্বাধিক গুরুত্বপূর্ণ নাট্যকার**
- ➢ Father of English Realistic Comedy
- ➢ **Father of Comedy of Humours**

(*কমেডি অব হিউমার* **মেডিকেল থিউরির** সাথে সম্পর্কিত। দেহতত্ত্বের প্রাচীন “চার হিউমার” হলো চারটি মৌলিক তরল পদার্থ (four fluids)**:** রক্ত (blood), শ্লেষা (phlegm), ক্রোধ বা হলুদ পিত্ত (yellow bile) এবং বিষাদ বা কৃষ্ণ পিত্ত (black bile)। এই পদার্থগুলোর পরিমাণ এবং দেহে তাদের উপস্থিতি ও মিশ্রণের প্রকৃতি দ্বারা মানুষের শারীরিক ও চারিত্রিক টাইপ নির্ধারিত হয় বলে বিশ্বাস করা হত। সুস্থ চরিত্রের মধ্যে সব কটি উপাদান সুসমন্বিতভাবে উপযুক্ত পরিমাণে উপস্থিত থাকে।

✓ তিনি Elizabethan period-এ লেখালেখি শুরু করলেও Jacobean period এ বেশি সুখ্যাতি লাভ করেন। রাজা প্রথম জেমসের আমলে শেক্সপিয়রের পরে তাকে শ্রেষ্ঠ নাট্যকার মনে করা হয়। **মনে রাখুন:** বেন জনসন বানানে h নেই।





**Famous plays of Ben Jonson:**

(i) **Every Man in His Humour**
(ii) **Every Man Out of His Humour**
(iii) **The Silent Woman** (or Epicoene)
(iv) **Volpone** (ভলপোনি) or the Foxes

➢ এ নাটকের অন্যতম চরিত্র Mosca। এটাকে beast fable-ও বলা হয়। এ নাটকে মুনাফালোভী মানুষদের নোংরা, বীভৎসরূপ উপস্থাপিত হয়েছে।

(v) **The Alchemist** (তীব্র অর্থলালসার করুণ চিত্র)




## 9. Thomas Kyd: (1558-1594)

- ✓ A famous university wit *See at page 45*
- ✓ Title: **Father of English Revenge Tragedy**

**(ইতালিয় নাট্যকার Seneca কে Father of Revenge Tragedy বলা হয়)**

Famous play of Kyd:

**The Spanish Tragedy** (প্রথম নাটক)

➢ এটিকে Bloody Drama বলা হয়। The Spanish Tragedy পড়ে Shakespeare তার Hamlet নাটকটি লেখার অনুপ্রেরণা পেয়েছিলেন।

## 10. Thomas More: (1478-1535)

**তাকে রাজা অষ্টম হেনরি শিরশ্ছেদ করেছিলেন। কারণ তিনি হেনরির স্বৈরচারী শাসনের বিরোধী ছিলেন।**

**Famous book: Utopia** (কাল্পনিক স্বর্গরাজ্য)

[A kingdom of no-where; an imaginary island where there is no problem]

***ইউটোপিয়া*** **(Utopia) রাষ্ট্রবিজ্ঞানে অনেক বেশি ব্যাবহৃত একটি ধারণা। সর্বপ্রথম এই শব্দটি ব্যবহার করেছিলেন থমাস মোর ১৫১৬ সালে প্রকাশিত তার এই** ***ইউটোপিয়া*** **নামক গ্রন্থে। কাল্পনিক বা প্রত্যাশিত সুখ- শান্তি ও সুশাসনের দেশ বুঝাতে বর্তমানে** ***ইউটোপিয়া*** **শব্দটি ব্যবহার করা হয়। সেই দেশের সমাজটি হবে আইন, সুশাসন ও পারস্পরিক সুসম্পর্কের প্রতীক। বস্তুত ইউটোপিয়া হলো এমন একটি ধারণা- যা শুভ, কিন্তু বাস্তবায়নযোগ্য নয়। অনেকটা প্লেটোর** ***রিপাবলিক*** গ্রন্থের অণুকরণে তিনি এই **আদর্শ রাষ্ট্রের রূপরেখা ও পরিকল্পনা অঙ্কন করেন।**

## **11. George Chapman:** (1559-1634)

➢ **তিনি Homer এর মহাকাব্য Iliad এবং Odyssey এর ইংরেজি অনুবাদ করেন।** *ইলিয়াড* একটি গ্রিক মহাকাব্য। প্রাচীন গ্রিসের ইলিওন শহরের নামানুসারে এ মহাকাব্যের নামকরণ করা হয়েছে। ১৬,০০০ পঙ্‌ক্তি বিশিষ্ট এই মহাকাব্যের বিষয়বস্তু ট্রয়ের যুদ্ধ, যেটি হেলেন নামের এক নারীকে কেন্দ্র করে সংঘটিত হয়। গ্রিকদের সেরা বীর একিলিস এবং ট্রয়ের সেরা বীর হেক্টর। যুদ্ধ শেষে গ্রিক সেনারা সুরক্ষিত ও সাজানো নগরী ট্রয়কে জ্বালিয়ে দেয়।



*এই সেই বিখ্যাত ট্রয়ের কাঠের ঘোড়া যেটিতে লুকিয়ে গ্রিক সেনারা সুরক্ষিত ট্রয় নগরীতে প্রবেশ কওে*



*সাজানো ট্রয় নগরী জ্বলছে*

***বর্তমানে Trojan Horse একটি Computer Virus এর নাম**




***Apple of discord***




***The Judgememt of Paris***

**পদ্মাবতী:** ১৮৬০ সালেই মধুসূদন রচনা করেন *পদ্মাবতী* নাটকটি। এটিও পৌরাণিক নাটক। তবে এই নাটকের ভিত্তি পুরোপুরি ভারতীয় পুরাণ নয়। গ্রিক পুরাণের ***'অ্যাপেল অফ ডিসকর্ড'*** গল্পটি ভারতীয় পুরাণের মোড়কে পরিবেশন করেছেন মধুসূদন। গ্রিক পুরাণের জুনো, প্যালাস ও ভেনাস এই নাটকে হয়েছেন শচী, মুরজা ও রতি। হেলেন ও প্যারিস হয়েছেন পদ্মাবতী ও ইন্দ্রনীল। তিন দেবীর মধ্যে রতিকে শ্রেষ্ঠ সুন্দরী নির্বাচিত করলে অন্য দুই দেবী ইন্দ্রনীলের প্রতি রুষ্টা হন এবং ইন্দ্রনীলের জীবনে বিপর্যয় নামিয়ে আনেন। শেষে রতি ও ভগবতীর চেষ্টায় ইন্দ্রনীল উদ্ধার পান এবং বিচ্ছিন্না স্ত্রী পদ্মাবতীর সঙ্গে তার মিলন ঘটে। মূল গ্রিক উপাখ্যানটি বিয়োগান্তক হলেও, মাইকেল এই নাটকটিকে ইংরেজি ট্র্যাজি-কমেডির ধাঁচে করেছেন মিলনান্তক। এই নাটকে সংস্কৃত নাট্যরীতির প্রভাব অল্পই। প্লট-নির্মাণ, নাটকীয় দ্বন্দ্ব উপস্থাপনা ও চরিত্র চিত্রণে মাইকেল এখানে আগের থেকে পরিণত হয়েছেন।

## 12. Migunl de Cervantes: (1547-1616)

স্পেনের বিখ্যাত কবি, নাট্যকার ও ঔপন্যাসিক । তার প্রধান সাহিত্যকর্ম: **Don Quixote** (ডন কুইক্জোট) এটিকে আধুনিক ইউরোপের প্রথম এবং অন্যতম সেরা উপন্যাস হিসেবে গণ্য করা হয়।







---

**ডন কিহোতে** (Don Quixote) **মিগেল দে থের্ভান্তেস সাভেদ্রা**-র লেখা অমর সাহিত্যকর্ম। সপ্তদশ শতকে লেখা এই বইটিকে প্রথম আধুনিক উপন্যাস ও স্পেনীয় ভাষায় রচিত সর্বশ্রেষ্ঠ গ্রন্থ হিসেবে অভিহিত করা হয়। **বাংলায় কখনো কখনো এটিকে *ডন কুইক্সোট*** শিরোনাম দেয়া হয়। ডন কিহোতের ১ম খণ্ড প্রকাশের ১০ বছর পর মূল উপন্যাসের অনুবর্তী পর্ব ২য় খণ্ড প্রকাশিত হয়। ১ম খণ্ড প্রহসনমূলক হলেও ২য় খণ্ড খুব গম্ভীর এবং দার্শনিক।

## 13. Niccolo Machiavelli: (ম্যাকিয়াভেলি, ১৪৬৯-১৫২৭; ইতালিতে জন্ম)

- ✓ Title: **Father of Modern Political Science**
- ✓ সাহিত্যে **Machiavellian Character** বলতে বুঝায়- **selfish character.**
- ✓ Belief of a Machiavellian character: **The end justifies the means.**

তার বিখ্যাত গ্রন্থ: **The Prince**

*দ্য প্রিন্স* গ্রন্থের মধ্যে এক উগ্র রাজনৈতিকতা বোধসম্পন্ন, প্রতিহিংসাপরায়ণ মেকিয়াভেলিকে আবিষ্কার করা যায়। এই গ্রন্থটিকে ***বিশ্বসাহিত্যের অন্যতম অর্থপূর্ণ, ভীতিজনক, প্ররোচনামূলক, ও হিংসাত্মক রচনা বলে*** অভিহিত করা হয়। ১৫১৩ সালে ম্যাকিয়াভেলি এই বইটি লিখেছিলেন ফ্লোরেন্সের তৎকালিন রাজা পিয়ারো ডি মেডিচির পুত্র প্রিন্স লরেঞ্জোর প্রতি উপদেশমূলক গ্রন্থ হিসেবে। লরেঞ্জো যদিও সেই সময় এই উপদেশ গ্রহণ করেন নি; কিন্তু পরবর্তিতে দুনিয়াতে যত স্বৈরশাসক ও ডিকটেটর এসেছেন তারা সকলেই *দ্য প্রিন্সকে* মূল উপজীব্য হিসেবে বেছে নিয়েছিলেন। মুসোলিনি *দ্য প্রিন্স* এর এক সংস্করণে ভূমিকা পর্যন্ত লিখেছিলেন। হিটলার তার শয্যাপাশে সবসময় এক খণ্ড *দ্য প্রিন্স* রাখতেন। বইটিতে সদ্য সিংহাসনে আসীন যুবরাজদের উপদেশ দেওয়া হয়েছিল, ***সিংহের মতো বলিষ্ঠ এবং শৃগালের মতো ধূর্ত হও। তোমার যারা সত্যিকারের শত্রু, তাদের তো বটেই, তাদের পরিবারের সদস্যদেরও নিশ্চিহ্ন করে দাও, যেন তুমি শাসন করতে পারো নির্ভাবনায়।*** তিনি ক্ষমতায় আরোহণ বা কাঙ্ক্ষিত সাফল্য লাভের জন্য সকল অবৈধ পন্থাকে বৈধ মনে করতেন। বিশ্বের প্রায় সকল ভাষায় বইটি অনূদিত হয়েছে। রাষ্ট্রবিজ্ঞানের এমনই আরো কিছু কালজয়ী গ্রন্থ হলো প্লেটোর ***রিপাবলিক,*** অ্যারিস্ট্রটলের ***পলিটিক্স,*** কৌটিল্যের ***অর্থশাস্ত্র,*** ইবনে খালদুনের ***মুকাদ্দিমা*** এবং নিজাম-উল-মূলকের ***সিয়াসতনামা***। কিন্তু *দ্য প্রিন্স* বিষয়বৈশিষ্ট্য আর গুরুত্বের দিক দিয়ে আজ পর্যন্ত অগ্রগণ্য।

**ম্যাকিয়াভেলি** তার রাজনৈতিক মতাদর্শ থেকে অধিকার এবং বৈধতার ব্যাপারগুলো সম্পূর্ণ মুছে ফেলেন। আইন এবং শক্তি তার পরিবেশনায় একাকার হয়ে যায়। তিনি বলেন, "**যেহেতু উত্তম অস্ত্র**

**ছাড়া উত্তম আইন প্রতিষ্ঠিত হয় না, তাই অস্ত্র ছাড়া অন্য কোন কিছুকেই আমি বিবেচনায় আনবো না।”** ম্যাকিয়াভেলির মতে, চরম ক্ষমতাশালী শাসককে জনগণ সর্বান্তকরণে মান্য করতে বাধ্য।

**ম্যাকিয়াভেলিয়ান শাসকের পাঁচটি বৈশিষ্ট্য:**

১) ভয় বা ভালবাসা সৃষ্টিকারী তবে ঘৃণিত হবেন না;
২) জনগণের সমর্থন থাকবে;
৩) ব্যক্তিগত গুণাবলীর প্রকাশ থাকবে;
৪) অস্ত্র অর্থাৎ শক্তির প্রয়োগ থাকবে এবং
৫) বুদ্ধিমত্তা থাকবে।

**ব্যক্তিগত গুণের বিষয়ে** একটি দামি কথা বলেছেন তিনি: **গুণ থাকার চেয়ে গুণের ভাণ করা অধিকতর গুরুত্বপূর্ণ! বুদ্ধিমত্তারও** একটি আলাদা সংজ্ঞা আছে তার কাছে: **জনগণের মনে ভয় এবং ভালবাসা জাগানোর মধ্যে উত্তম ভারসাম্য রক্ষা করতে পারাই হলো বুদ্ধিমত্তা**।

**নিকোলো ম্যাকিয়াভেলি'র দ্য প্রিন্স থেকে কিছু উল্লেখযোগ্য উদ্ধৃতি:**

**১)** আপনার উপস্থিতি সকলেই দেখতে পায়, প্রকৃতপক্ষে আপনি কেমন তা মাত্র কয়েকজনে বুঝে।
**২)** যদি কাউকে আঘাত করতেই হয়, তা এমন তীব্র করা উচিত যাতে তার প্রতিশোধপরায়নতাকে আর ভয় পেতে না হয়।
**৩)** বিপদের মুখোমুখী না হয়ে মহৎ কিছুই অর্জিত হয় নি।
**৪)** ভালবাসার কারণ না হয়ে ভয়ের কারণ হওয়াই অধিক নিরাপদ কারণ ভালবাসার সাথে দায়বদ্ধতার সম্পর্ক আছে; মানুষের সংকীর্ণতার কারণে তা সুযোগ পেলেই লঙ্ঘিত হতে পারে। কিন্তু আপনাকে ভয় পেলে শাস্তির ভয়ে তারা তা লঙ্ঘন করতে পারে না।
**৫)** সত্যি কথাটি বললে যে আপনি অপমানিত হবেন না, একথাটি না জানানো পর্যন্ত মানষের তোষামোদ আপনি থামাতে পারবেন না।
**৬)** সকল পথই বিপদজনক, তাই বিপদকে এড়িয়ে যাওয়া বুদ্ধিমানের কাজ নয়, বিপদকে হিসেব করে সুদৃঢ়ভাবে এগিয়ে যাওয়াই বুদ্ধিমানের কাজ। ভুল করে উচ্চাকাঙ্ক্ষা করুন, ভুল করে আলসেমি করবেন না। সাহসী কাজ করার জন্য শক্তি সঞ্চয় করুন, কষ্টভোগ করার জন্য শক্তির দরকার নেই।
**৭)** মানুষ প্রধানত দু'টি তাড়নায় পরিচালিত হয়: ভালবাসা অথবা ভয়।
**৮)** মানুষ অভ্যন্তরীণভাবে এতই সহজ এবং তাদের তাৎক্ষণিক চাহিদা দ্বারা এতই নিয়ন্ত্রিত যে, একজন প্রতারকের জন্য ঠকাবার লোকের অভাব হয় না।
**৯)** সিংহ ফাঁদ থেকে নিজেকে রক্ষা করতে পারে না এবং শেয়াল পারে না নেকড়ে থেকে নিজেকে নিরাপদে রাখতে। তাই আপনাকে শেয়াল হতে হবে যাতে ফাঁদ চিনতে পারেন, আর সিংহ হতে হবে যাতে নেকড়ে তাড়াতে পারেন।
**১০)** যেহেতু ভয় আর ভালবাসা একসাথে থাকতে পারে না, আমাদেরকে অবশ্যই যেকোন একটি বেছে নিতে হয়। ভালবাসার পাত্র হওয়ার চেয়ে ভয়ের পাত্র হওয়াই অধিক নিরাপদ।
**১১)** ফলই উপায়কে বিচার করে।
**১২)** যে প্রতারণা করতে চায়, সে প্রায়ই এমন কাউকে পাবে যে প্রতারিত হতে চায়।
**১৩)** ইচ্ছা যদি বড় হয়, তাহলে প্রতিবন্ধকতা বড় থাকতে পারে না।

**১৪)** মানুষকে হয় আদর করা উচিত, নয়তো পিষে মারা উচিত। ছোটখাটো আঘাত করতে পরিশোধ নেবার সুযোগ নেবে, কিন্তু যদি তাকে সম্পূর্ণ অচল করে দেন তাহলে তাদের আর কিছুই করার থাকে না।

**১৫)** মানুষ সাধারণত ছুঁয়ে নয় দেখেই বিচার করতে চায়। এর কারণ হলো, সকলেই দেখতে পারে, কিন্তু খুব কম লোকই স্পর্শ করে অনুভব করতে পারে।

**১৬)** এটা মনে রাখতে হবে যে, একটি নতুন পদ্ধতি পরিকল্পনা করার মতো কঠিন কিছুই হতে পারে না; একটি নতুন পদ্ধতি সবচেয়ে বেশি সন্দেহজনক এবং একটি নতুন পদ্ধতিকে পরিচালনা দেবার চেয়েও কঠিন কিছু হতে পারে না। এর কারণ হলো, একজন অগ্রগামী উদ্যোক্তাকে রক্ষণশীলদের বৈরিতার মুখে পড়তে হয় যারা পুরাতন পদ্ধতির সুবিধাভোগী। নতুন পদ্ধতির সুবিধা প্রত্যাশী বা সমর্থনকারীর সম্ভাবনা বিরল।

**১৭)** ধারাবাহিকভাবে সফলতা পেতে চাইলে সময়ের সাথে আচরণ পরিবর্তন করতে হবে।

**১৮)** মানুষ কীভাবে জীবনধারণ করে আর কীভাবে করা উচিত – তাতে এতই ব্যবধান যে, কেউ যদি কী হচ্ছে সেটা নিয়ে অনুসন্ধান না করে, কী হওয়া উচিত সেটা নিয়ে অনুসন্ধান করে, তাহলে তার এই শিক্ষা তাকে রক্ষা না করে তাকে ধ্বংস করে।

**১৯)** যেমন খুশি তেমনই সাজো।

**২০)** ধার্মিকতা দেখানোর চেয়ে গুরুত্বপূর্ণ আর কিছুই নেই।

**২১) ইতিহাস লেখা হয় বিজয়ীদের দ্বারা।**

**২২)** বুদ্ধিমানদের উচিত মহান ব্যক্তিদের পথ অনুসরণ করা এবং তাদেরকে অনুসরণ যারা উৎকর্ষ অর্জন করেছেন। এতে তাদের মহত্বটুকু না পেলেও কোনভাবে তার কিছু অংশ পাওয়া যায়।

**২৩)** ভালবাসা এবং ভয় দুটিই পাওয়া উত্তম। তবে দুটিই একসাথে না পেলে মানুষের ভয় পাওয়াটাই অধিকতর ভাল।

**২৪) একজন শাসকের বুদ্ধির পরিমাপ করার প্রথম পদ্ধতিটি হলো: তাঁর চারপাশের লোকগুলোর দিকে দৃষ্টি দেওয়া।**

**২৫)** প্রয়োজনের তাগিদ না পেলে মানুষ ভাল কাজ করে না। সুযোগ পেলে তারা যা খুশি তা-ই করে, তাতে বিশৃঙ্খলা আর বিভ্রান্তি নিয়ে আসে।

**২৬)** যুদ্ধ, এর আকার আর উপাদান ছাড়া একজন রাষ্ট্রনায়কের আর কোন বস্তু বা চিন্তা থাকা উচিত নয়। একজন শাসকের জন্য এটিই উপযুক্ত শিল্পকলা।

**২৭)** যুদ্ধ এড়ানোর কোন সুযোগ নেই। তবে স্থগিত করা যায় এবং এর সুবিধা পাবে আপনার শত্রু।

**২৮)** প্রত্যেকেই 'কী হওয়া উচিত' বুঝার জন্য 'কী হয়েছে' নিয়ে অনুসন্ধান করা উচিত। পৃথিবীর সকল যুগে সংঘটিত বিষয়ের প্রাচীন নিদর্শন রয়েছে।

**২৯)** মানুষ সম্পর্কে সাধারণভাবে এটা বলা যায়: তারা অকৃতজ্ঞ, অবাধ্য, অসৎ এবং শঠ; বিপদে আতঙ্কিত এবং লাভের প্রত্যাশী। প্রেমের বাধ্যকতা এই ঘৃণ্য প্রাণীরা সুযোগ পেলেই ভেঙ্গে ফেলে, কিন্তু শাস্তির ভয় তাদেরকে শৃঙ্খলায় বেধে রাখে।

## 14. Francis Bacon: (1561-1626)

**স্যা**র ফ্রান্সিস বেকন একাধারে একজন ইংরেজ কূটনৈতিক, দার্শনিক, আইনজ্ঞ এবং বৈজ্ঞানিক চিন্তাধারার পথপ্রদর্শক। আইনজীবি হিসেবে পেশাগত জীবন শুরু করলেও তিনি **বৈজ্ঞানিক বিপ্লবের প্রবক্তা** এবং জ্ঞানান্ধতা ও গোঁড়ামি বিরোধী হিসেবে সুখ্যাত হন। তাকে **অভিজ্ঞতাবাদের জনক** বলা হয়। তিনি দর্শনিক চিন্তাধারার কিছু মৌলিক তত্ব প্রবর্তন করেন যেগুলোকে **বেকনিয়ান মেথডও** বলা হয়ে থাকে। কোন জিনিসের উৎস অনুসন্ধানে বৈজ্ঞানিক পদ্ধতিতে অনুসন্ধানের প্রক্রিয়াগুলো তিনিই প্রবর্তন করেন। এইসব প্রক্রিয়াকে সংক্ষেপে বৈজ্ঞানিক প্রক্রিয়া বলা হয়। ক্যাম্ব্রিজে থাকাকালীন সময়ে প্রথম রানী এলিজাবেথের সাথে তার দেখা হয়। রানী এলিজাবেথ তার অকালপক্ক পাণ্ডিত্যে মুগ্ধ হন এবং তাকে ***দ্যা ইয়ং লর্ড কিপার*** নামে সম্বোধিত করেন।



**উপাধি:**

- **Father of English Essay** (প্রবন্ধ)
- **Father of Modern Prose**
- **First essayist in English literature**
- Father of Empiricism (অভিজ্ঞতাবাদ/ প্রয়োগবাদের জনক)

✓ He was an English courtier (statesman), lawyer and natural philosopher. পড়াশুনা করেন ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ে।

✓ তিনি একাধারে ইংল্যান্ডের Attorney General এবং Lord Chancellor ছিলেন।

✓ তার সকল প্রবন্ধের নাম *Of* দিয়ে শুরু হয়েছে। (যেমন *Of Studis*, *Of Love)*

✓ **সাহিত্যে বিশেষ অবদানের জন্য রানী এলিজাবেথ তার একটি জঘন্য অপরাধের দায়ে প্রাপ্ত মৃত্যুদণ্ডও রহিত করেন।**

## Famous quotes of Francis Bacon:

(i) **Studies serve for delight**, for ornament and for ability.
(শিক্ষা মানুষকে তিনটি জিনিস দেয়: আনন্দ, সম্মান এবং জীবিকা উপার্জনের ক্ষমতা)

(ii) **Reading maketh a full man**; conference (আলোচনা) a ready man; writing an exact man. (আগে es-কে th লেখা হত)

(iii) History makes man wise. (ইতিহাসজ্ঞান মানুষকে প্রজ্ঞাবান করে)

(iv) **Some books are to be tasted**, others to be swallowed (গলাধকরণ) and some few to be chewed and digested.

(**ভাবার্থ:** কিছু বই শুধুমাত্র আংশিকভাবে পড়তে হবে; কিছু বই ভাসাভাসাভাবে পড়তে হবে; অল্প কিছু বই অধ্যবসায় ও মনোযোগের সাথে পুরোপুরি পড়তে হবে) ** উপরের ৪ টি quotation* ***Of Studies*** *প্রবন্ধে আছে।*

(v) **Wives are young men's mistresses**, companions for the middle age and old men's nurses. *(Of Marriage and Single Life)*
(যুবক বয়সে স্বামীর কাছে স্ত্রী শিক্ষিকার মতো, মাঝ বয়সে সঙ্গী আর বার্ধক্যে সেবিকার মতো)

(vi) A mixture of lie does ever add pleasure. *(Of Truth)*
(সত্যের সাথে ক্ষতিহীন মিথ্যা সর্বদাই আনন্দদায়ক)

(vii) A good friend is another himself. *(Of Friendship)*
(একজন ভালো বন্ধু নিজেরই আরেকটি প্রতিকৃতি)

(viii) Opportunity makes a thief. (সুযোগ মানুষকে চোর বানায়)

(ix) **It is impossible to love and be wise**. *(Of Love)*
(ভালবেসে কেউ জ্ঞানী হতে পারেনা)

(ix) Opportunity makes a thief. (সুযোগ মানুষকে চোর বানায়)

(x) Suspicions among thoughts are like bats among birds.
(চিন্তার মধ্যে সন্দেহ, পাখিদের মধ্যে বাদুড়ের মত)

(xi) The secret of success is the constancy of purpose.
(সফলতার গোপন রহস্য হলো উদ্দেশ্যে অবিচল থাকা)

(xii) **Revenge is a kind of wild justice**. *(Of Revenge)*
(প্রতিশোধ হলো এক ধরণের বন্য বিচার)

(xiii) **Silence is the sleep that nourishes wisdom.**
(নীরবতা হলো এক ধরণের ঘুম যেখানে প্রজ্ঞা লালিত-পালিত হয়)

(xiv) Unmarried men are best friends, best masters, best servants but not always best subjects (নির্ভরযোগ্য ব্যক্তি). *(Of Marriage and Single Life)*

(xv) Old wood best to burns, old wine to drink, old friends to trust and old author to read.

(xvi) **Knowledge is power.**

**বি.দ্র: Father of English Prose প্রশ্নে Alfred the Great বা John Wycliff এর নাম না থাকলে Francis Bacon কে *Father of English prose* বলা হয়।**

**Famous books of Francis Bacon:**

(i) Advancement of Learning
(ii) Novum Orgamum
(iii) The Wisdom of Ancients
(iv) Divine and Humane
(v) The New Atlantis

**15. গ্যালিলিও গ্যালিলেই:** (Galileo Galilei; 1564-1642)



- **আধুনিক জ্যোতির্বিজ্ঞানের জনক**
- ইতালিয় পদার্থবিজ্ঞানী, জ্যোতির্বিজ্ঞানী, গণিতজ্ঞ ও দার্শনিক
- Galileo has been called the "**father of observational astronomy**", the "**father of modern physics**", and the "**father of science**".
- He played a major role in the scientific revolution during the Renaissance.
- **তিনি দূরবীক্ষণ যন্ত্রের আবিষ্কার করেন এবং বৃহস্পতি গ্রহের সন্ধান খুঁজে পান।**
- His contributions to observational astronomy include the telescopic confirmation of the phases of Venus, the discovery of the four largest satellites of Jupiter (named the Galilean moons in his honour).
- **বিখ্যাত উক্তি-** 'সূর্য পৃথিবীর চারদিকে নয়, বরং পৃথিবী সূর্যের চারদিকে ঘুরছে।'
(তবে এ কথাটি খ্রিস্টপূর্ব ৩য় অব্দে জ্যোতির্বিদ অ্যারিস্টকার্স প্রথম বলেছিলেন।)

# **University Wits কী/ কারা?**

- ✓ **Elizabethan Period** এর একদল Young dramatist and pamphleteers (ক্ষুদ্র পুস্তিকা রচয়িতা)।
- ✓ তারা Oxford এবং Cambridge University এর scholar/witty students ছিলেন।
- ✓ তারা অনেক বিখ্যাত নাটক রচনা ও মঞ্চস্থ করার মাধ্যমে খ্যাতি অর্জন করেছিলেন।

## বিখ্যাত University Wits হলেন (প্রায় ৭ জন):

**Christopher Marlowe:** (1564-1593)

- ➤ তিনি শেক্সপিয়র পূর্ববর্তী শ্রেষ্ঠ নাট্যকার ছিলেন। তাকে নিয়ে এ যুগের শুরুতেই আমরা বিস্তারিত আলোচনা করেছি।



*The house, believed to be Shakespeare's birthplace, in Stratford-upon-Avon*

**Thomas Kyd:**

- ➤ তিনি এ দুটি University এর ছাত্র না হয়েও University Wits এর অন্তর্ভুক্ত ছিলেন।

**Robert Greene:** (1558-1592)

- ➤ Friar Bacon তার বিখ্যাত Comedy।

**George Peele (পীল):** (1556-1596)

- ➢ The Old Wife's Tale
- ➢ Famous Chronicle of King Edward (I)

**Thomas Nashe:** (1567-1601)

- ➢ Summer's Last Will and Testament তার বিখ্যাত নাটক।
- ➢ তাকে The greatest of English Elizabethan pamphleteers বলা হয়।

**John Lyly:** (1553-1606)

- ➢ King Midas এবং The Woman in the Moon তার বিখ্যাত নাটক;
- ➢ *The Anatomy of Wit* তার শ্রেষ্ঠ গ্রন্থ।

**Thomas Lodge:** (1553-1606)

- ➢ তিনি একজন Physician ছিলেন
- ➢ তিনি এলিজাবেথান ও জেকোবিয়ান যুগে লেখালেখি করেন।

**Drama & Play এর মধ্যে পার্থক্য:**

- ➢ **Drama**: before staged (মঞ্চস্থের আগে)
- ➢ **Play**: after staged (মঞ্চস্থের পরে)
- ➢ **Playwright means: dramatist**

**ইংরেজি সাহিত্যের লাইভ (online) ক্লাস পেতে চাইলে:**

Facebook Messenger:
**sharif_bmc@ yahoo.com**

# b. The Jacobean Period

Duration: 1603-1625

**এ যুগের কিছু গুরুত্বপূর্ণ তথ্য:**



*Stuart বংশের রাজা James I*

- ✓ This age was named after King James (I), who reigned England from 1603-1625.
- ✓ ১৬০৩ সালে এলিজাবেথের মৃত্যুর পর Stuart বংশের রাজা প্রথম জেমস্ একই সময়ে ইংল্যান্ড ও স্কটল্যান্ডের রাজা হন।
- ✓ **কারণ রানী প্রথম এলিজাবেথ অবিবাহিত থাকার কারণে তার মৃত্যুর পর ইংল্যান্ডের সিংহাসনে বসার মত টিউডর রাজবংশের আর কোন উত্তরাধিকারী খুঁজে পাওয়া যায়নি। ফলে এলিজাবেথের দূর সম্পর্কের আত্মীয় স্কটল্যান্ডের রাজা জেমস একই সময়ে ইংল্যান্ডের সিংহাসনেরও উত্তরাধিকারী মনোনীত হন।**
- ✓ King James কে The Wisest Fool বলা হয়। কারণ তিনি নিজেকে ঈশ্বরের প্রতিনিধি মনে করতেন।
- ✓ **Latin ভাষায় James কে Jacobus বলা হয়। Jacobean শব্দটি Jacobus শব্দ থেকে উদ্গত।**
- ✓ Jacobean Period এর শেষের ৫ বছর Puritan Period (1620-1660) এর অন্তর্ভুক্ত।



*Emperor Jahangir (1605–1627)*

- ✓ **1608 সালে রাজা James (I) এর সুপারিশপত্র নিয়ে ক্যাপ্টেন হকিন্স বাণিজ্য কুঠি স্থাপনের উদ্দেশ্যে সম্রাট জাহাঙ্গীরের (1605–1627) দরবারে আসেন। ১৬১৩ সালে এক ফরমানের মাধ্যমে সম্রাট জাহাঙ্গীরের অনুমতিতে 'সুরাটে' প্রথম ইংরেজ কুঠি স্থাপিত হয় এবং কিছু দিনের মধ্যেই অন্যান্য স্থানসহ হুগলিতে বাণিজ্য কুঠি স্থাপিত হয়।**
- ✓ রাজা প্রথম জেমস্ **১৬১৫** সালে স্যার **টমাস রো** কে সম্রাট জাহাঙ্গীর এর দরবারে দূত হিসেবে প্রেরণ করেন। রো কর্তৃক রাজার পক্ষ থেকে সম্রাটকে উপঢৌকন প্রদান এবং তাঁর ব্যক্তিগত ব্যবহার সম্রাটকে সন্তুষ্ট করে। ফলশ্রুতিতে সম্রাট এর নিকট দূত এর সব প্রার্থনা মঞ্জুর হয় এবং কোম্পানি দক্ষিণ ভারতের পশ্চিম ও পূর্ব উপকূলে **ফ্যাক্টরি** বা **বাণিজ্যকুঠি** নামে বাণিজ্য কেন্দ্র স্থাপন করার সুযোগ লাভ করে। **এ সময় ইংরেজরা বিনা শুল্কে বাণিজ্য করার অধিকার পান। রাজা প্রথম জেমসের আমলেই ইস্ট ইন্ডিয়া কোম্পানি সম্রাট জাহাঙ্গীরের কাছ থেকে ব্যাপক সুযোগ সুবিধা আদায় করে নিয়ে ভারতবর্ষে তাদের শক্তিশালী ভিত্তি গড়ে তোলে।**
- ✓ **উল্লেখ্য,** সুবেদার ইসলাম খান ১৬০৮ (মতান্তরে ১৬১০) সালে ভূঁইয়াদের দমন করার উদ্দেশ্যে বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তর করেন এবং ঢাকাকে জাহাঙ্গীরনগর নামকরণ করেন।

**'Enjoy your life today.**
**Because yesterday has gone,**
**and tomorrow may never come!'**

**চতুর্থ মোঘল সম্রাট Nuruddin Salim Jahangir ইংল্যান্ডের রাজা James (I) কে নিম্নোক্ত পত্রটি লিখেছিলেন। এই পত্রটি পড়লেই বোঝে যাবেন যে, সুদূর ইউরোপ থেকে সমুদ্রপথে ইঞ্জিনবিহীন জাহাজযোগে হাজার-হাজার মাইল পথ পাড়ি দিয়ে ইস্ট ইন্ডিয়া কোম্পানির মতো একটা ক্ষুদ্র বণিক দল ভারতবর্ষে এসে কীভাবে মাত্র ১৫৭ বছরের পরিক্রমায় প্রতাপশালী মোঘল সাম্রাজ্যকে ধ্বংস করে ভারতবর্ষে তাদের ১৯০ বছরের শাসন কায়েম করেছিল:**

Upon which assurance of your royal love I have given my general command to all the kingdoms and ports of my dominions to receive all the merchants of the English nation as the subjects of my friend; that in what place soever they choose to live, they may have free liberty without any restraint; and at what port soever they shall arrive, that neither Portugal nor any other shall dare to molest their quiet; and in what city soever they shall have residence, I have commanded all my governors and captains to give them freedom answerable to their own desires; to sell, buy, and to transport into their country at their pleasure.

For confirmation of our love and friendship, I desire your Majesty to command your merchants to bring in their ships of all sorts of rarities and rich goods fit for my palace; and that you be pleased to send me your royal letters by every opportunity, that I may rejoice in your health and prosperous affairs; that our friendship may be interchanged and eternal.

—*Nuruddin Salim Jahangir, Letter to James I.*

## Metaphysical poetry (মেটাফিজিক্যাল পোয়েট্রি) কী?

- ✓ এটিকে অনেকে "ধর্মতত্ত্বাশ্রয়ী কবিতা" বলেও মনে করেন। শেক্সপিয়র এবং ক্রিস্টোফার মার্লোর সমসাময়িক কবি জন ডান এ জাতীয় কবিতা প্রথম প্রবর্তন করেন। Jacobean Period এর **কবিরা Metaphysical poetry এর জন্য বিখ্যাত।**
- ✓ '**Meta**' means beyond (ছাড়া); **Physics** means physical.
- ✓ **এ জাতীয় কবিতায় ফিজিক্যালিটির (দেহতত্ত্ব) চেয়ে আধ্যাত্মিকতা, ইমাজিনেশন এবং ধর্মতত্ত্বের আলোচনা বেশি প্রাধান্য পেয়ে থাকে।** এ সব কবিতার বিষয়বস্তু হল Abstract (গুণবিষয়ক *বা দৈহিক বিষয় থেকে অবমুক্ত*)। যেমন: Love, God, Soul, Death etc.
- ✓ **ড. স্যামুয়েল জনসন** প্রথম এ যুগের কবিদেরকে Metaphysical poets হিসেবে আখ্যায়িত করেন। **See at page 79*

**এ যুগের যেসব Metaphysical poet দের নিয়ে আমরা আলোচনা করেছি তারা হলেন:**

1. John Donne (জন ডান) 2. Andrew Marvell 3. Henry Vaughan (হেনরি ভন) 4. George Herbert 5. Cowley (কাউলি)

# Jacobean Period এর কিছু সাহিত্যিক:

## 1. John Donne: (জন ডান, 1572-1631)

*শেষের কবিতায়* রবীন্দ্রনাথ একাধিকবার জন ডানের নাম নিয়েছেন। যে ক'জন বিদেশী কবি দ্বারা কবিগুরু প্রভাবিত ছিলেন, তাদের মধ্যে একেবারে প্রথমদিকে থাকবে জন ডানের নাম। ইংরেজি সাহিত্যে *আধিবিদ্যামূলক কবিতা* তথা *Metaphysical Poem* এর জনক বলা হয় তাকে। তার হৃদয়ছোঁয়া প্রেমের কবিতাগুলোর জন্য তিনি *Poet of Love* উপাধি পেয়েছেন।

Titles: i) **Father/ Leader of Metaphysical poets**


ii) **Poet of love**

(তবে স্ত্রী এ্যানি ডানের মৃত্যুর পর কবি বহু ধর্মীয় কবিতা লিখেন)



Famous book: An Anatomy of the World

Famous poems:




- **The Good Morrow** (সুপ্রভাত)
- **Twicknam Garden**
- **The Sun Rising**

  –এ কবিতায় কবি সূর্যকে তিরস্কার করেন। (তবে *The Sun Also Rises* নামে একটি উপন্যাস লিখেছেন Earnest Hamingway) *See at page 151*
- **The Canonization** (পবিত্রকরণ)
- A Valediction: Forbidding Mourning (বিদায় বেলায় শোক প্রকাশ নিষিদ্ধ)
- The Flea (নীল মাছি)
- The Undertaking
- **For Whom The Bell Tolls** (এর অন্য নাম *No Man Is An Island* বা *কেউ বিচ্ছিন্ন দ্বীপ নয়*। তবে *For Whom The Bell Tolls* নামে আমেরিকার বিখ্যাত ঔপন্যাসিক **আর্নেস্ট হেমিংওয়ের** একটি বিখ্যাত উপন্যাস রয়েছে) *See at page 151*

**Famous quotes:**

(i) I wonder by my truth, what thou and I did till we love.
আমার বিশ্বাসের কসম, আমি বিস্মিত হই ভেবে তুমি-আমি কি করতাম ভালোবাসার আগে।
*(The Good Morrow)*

(ii) For love, all love of other sights control and make a little room an everywhere. ভালোবাসা অন্য সকল অনুভূতিকে নিয়ন্ত্রণ করে এবং ছোট ঘরকে করে তুলে বিশ্ব চরাচর। *(The Good Morrow)*

(iii) Busy old fool, unruly sun ব্যস্ত, বৃদ্ধ, বোকা, দুষ্ট সূর্য
Why dost thou thus? তুমি এমন কেন কর?
Through windows and through curtains জানালা ভেদ করে, মশারি ছেদ করে,
Call on us? আমরা প্রেমিক-প্রেমিকাদের কেন ডিস্টার্ব কর? *(The Sun Rising)*

(iv) She's all states and all princesses I, *(এটি ***Metaphor*** এর উদাহরণ)
Nothing else is. *(The Sun Rising)* [তাহার (কবির প্রেমিকা) মাঝেই আমার সকল সাম্রাজ্য, সকল রাজকুমারী নিহিত আছে। আর কিছু আমার দরকার নেই]

*(v)* **For God's sake, hold your tongue and let me love.**
(দোহাই তোদের একটুকু চুপ কর; ভালোবাসিবারে দে মোরে অবসর)-***The Canonization***

➢ **কবি রবীন্দ্রনাথ ঠাকুর তার *শেষের কবিতা* নামক রোমান্টিক কাব্যধর্মী উপন্যাসে John Donne এর এই লাইনটি একাধিকবার উদ্ধৃত করেছেন। (উল্লেখ্য, শেষের কবিতার একটি বিখ্যাত উক্তি হলো 'গ্রহণ করেছ যত, ঋণী তত করেছ আমায়- হে বন্ধু বিদায়।')**

(vi) If they be two, they are two so,
As stiff twin compasses are two. (সত্যিকারের প্রেমিক-প্রেমিকা হলো কম্পাসের দুটি কাটার মতো। যতই দূরে থাক, কাছেই থাকে)
(এটি *A Valediction: Forbidding Mourning* কবিতা থেকে নেওয়া)

## 2. Andrew Marvell: (1621-1678)

A famous Metaphysical poet

Famous poems:


- **(i) To His Coy Mistress** (লজ্জাবতীকে)
- (ii) The Definition of Love
  (Theme: out of sight, near to mind)

## 3. Henry Vaughan: (হেনরি ভন; ১৬২১-১৬৯৫)

✓ তিনি একজন বিখ্যাত Metaphysical poet, তবে পেশাগত জীবনে Physician ছিলেন।

✓ He is chiefly known for this religious poetry.

## 4. George Herbert: (1593-1633)




✓ Title: **Religious Poet**


✓ তিনি একাধারে কবি এবং যাজক (Priest) ছিলেন।

✓ **Famous poems:**

- (i) The Collar
- (ii) On the Progress of Soul
- (iii) The Easter Wings (এই কবিতায় কবি যীশু খ্রিস্টের পুনরুদ্ধারের কথা বলেছেন)

**Quote**: Help thyself (yourself) and God will help thee (you).
(নিজেকে সাহায্য কর, আল্লাহ তোমাকে সাহায্য করবেন)

## 5. Cowley: (আব্রাহাম কাউলি; 1618-1667)




✓ Famous Poem : Constantia and Philetus

Famous quotes:

➢ **Life is an incurable disease**.

➢ God the first garden made, and the first city Cain.

# c. The Caroline Period

Duration: 1625-1649



*King Charles (I)*

**এ যুগের কিছু গুরুত্বপূর্ণ তথ্য:**

✓ This age was named after Charles (I), who reigned England from 1625-1649.

✓ **Caroline is derived (উৎপত্তি) from "Carolous" which is Latin version of Charles.** অর্থাৎ ১৬২৫ সালে রাজা প্রথম জেমসের মৃত্যুর পর তার পুত্র প্রথম চার্লস সিংহাসনে আরোহণ করেন। তার নামানুসারেই এ যুগের নামকরণ করা হয়। এটিও Puritan যুগের অন্তর্ভূক্ত, ইংল্যান্ডের গৃহযুদ্ধের কাল।

✓ **এই সময় ইংল্যান্ডে Cavaliers (Supporter of King) এবং Roundheads (Supporter of Parliament) এর মধ্যে civil war চলছিল। এই গৃহযুদ্ধে Cavalier-রা পরাভূত হয় এবং ৩০ জানুয়ারি ১৬৪৯ সালে রাজা প্রথম চার্লসকে ধরে শিরচ্ছেদ করা হয়। (King Charles I was caught and publicly beheaded.) তবে সে সময় তার পুত্র দ্বিতীয় চার্লস ফ্রান্সে পালিয়ে আত্মরক্ষা করতে সক্ষম হয়েছিলেন।**

✓ রাজা প্রথম চার্লস নিহত হলে ইংল্যান্ডের রাজতন্ত্রের পতন ঘটে এবং পরবর্তীতে ১১ বছর (১৬৪৯-১৬৬০) পর্যন্ত ইংল্যান্ডে কোন রাজা ছিলেন না। তবে পার্লামেন্ট বিদ্যমান ছিল।

✓ **তৎকালীন রাজতন্ত্রের সমর্থক কবিদেরকে Cavalier poet** বলা হয়। তারা Secular (ধর্মনিরপেক্ষ) ছিলেন। এসব কবিদেরকে Sons of Ben (নাট্যকার বেন জনসনের অনুসারী) বলা হয়। **এ যুগের বিখ্যাত Cavalier poet হলেন: Robert Herrick।**

✓ Puritan leader Oliver Cromwell came to power 1649.

✓ এই যুগে আনুষ্ঠানিকভাবে Drama বন্ধ করে দেওয়া হয়। কারণ ছিল Puritan attack।

✓ এই যুগেও Metaphysical কবিদের কবিতা বিখ্যাত ছিল।

✓ ১৬২৮ সালে ব্রিটিশ পার্লামেন্টে মানবাধিকার সংক্রান্ত Petition of Rights আইন পাস হয়।

✓ ১৬৩৩ সালে সম্রাট শাহজাহান ইংরেজদেরকে হরিহরপুরে বাণিজ্যকুঠি স্থাপনের অনুমতি দেন।

✓ ১৬৩৬ সালে যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস এ বিখ্যাত **Harvard বিশ্ববিদ্যালয়** প্রতিষ্ঠিত হয়।

✓ **সম্রাট শাহজাহানের পুত্র তথা সম্রাট আওরঙ্গজেবের ভাই শাহজাদা সুজা ১৬৪১-১৬৬২ পর্যন্ত** বাংলা-**বিহারের সুবেদার ছিলেন। সে সময় ইংরেজ চিকিৎসক জিব্রাইল ব্রাউটনের চিকিৎসায় সন্তুষ্ট হয়ে মাত্র তিন হাজার টাকা করের বিনিময়ে তিনি ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে** বাংলাদেশে **বিনা শুল্কে বাণিজ্য করার অধিকার প্রদান করেন ।**

## A List of Some Woman Writers

**Virginia Woolf** *(See at page 181)*, **Pearl S. Buck** *(See at page 171)*, **Doris Lessing***(149)*, **Emily Dickinson** *(See at page 187)*, **Elizabeth Barret Browning** *(124)*, **Charlotte Bronte, Emily Bronte, Amme Bronte** *(123)*, **George Eliot** *(214)*, **Mrs. Elizabeth Gaskell** *(127)*, **D.G. Rossetti, C.G. Rossetti,** *(See at page 121)* **Adrene Reche.**

# Caroline Period এর একজন গুরুত্বপূর্ণ সাহিত্যিক:

**Robert Herrick:** (1591-1674)



- ✓ A famous poet of Caroline period
- ✓ তাকে The greatest Cavalier poet বলা হয়
- ✓ কারণ তিনি রাজার সমর্থক ছিলেন।
- ✓ তিনি clergyman (যাজক) ছিলেন।

**হেরিকের বিখ্যাত কবিতা:**

**To Daffodils**


- **To Daffodils** কবিতার Theme হলো 'short living of human being' বা 'Life is short, so live to the fullest'। অর্থাৎ Daffodil ফুলের মত মানুষের জীবন প্রস্ফুটিত হয়ে এক সময় ঝরে যায়। Daffodil কবিকে মৃত্যুর কথা মনে করিয়ে দেয়। এ কবিতায় Hasting day বলতে Hurriedly passing day বুঝানো হয়েছে এবং Human life কে Summer's morning dew এর সাথে তুলনা করা হয়েছে।
- তবে *Daffodils* (I Wandered Lonely as a Cloud) নামে একটি বিখ্যাত কবিতা লিখেছেন রোমান্টিক যুগের কবি William Wordsworth (এটির বিষয়বস্তু হলো- *প্রকৃতির নিরাময় ক্ষমতা আছে*।) **See at page 92*

## Other poems of Herrick:

- **Delight in Disorder**

এই কবিতার মূল বিষয় হচ্ছে, সৌন্দর্য তখনই সবচেয়ে আকর্ষণীয় হয় যখন এটা আগোছালো ও বিশৃঙ্খল অবস্থায় থাকে। তিনি তার প্রেয়সীর পোশাকের বর্ণনা দেয়ার মাধ্যমে তার কথার স্বপক্ষে যুক্তি দেখান। এছাড়া মানুষের ত্রুটি বিচ্যুতিও মানুষের প্রতি আকর্ষণ বাড়ায়। যেমন ফিলাডেলফিয়ার ঘণ্টাটি ভাঙ্গা ছিল তাই প্রতি বছর এটি দেখতে ভ্রমনকারীরা সেখানে আসে। যদিও এই এলোমেলো অবস্থা কিছুটা বন্যতার দিকেই ইঙ্গিত করে কিন্তু কবি এর মাঝেই নম্রতা ও সভ্যতার ছাপ খুঁজে পান।

- The Night Piece of Julia
- His Slitany to the Holy Spirit (এটিকে Sacred poem বলা হয়)





## Famous quotes from To Daffodils:

✓ Fair daffodils, we weep to see
You haste away so soon;

✓ We have a short time to stay, as you,
We have as short a spring;
Never to be found again. (*The last lines of "To Daffodils"*)

(**ভাবার্থ:** উজ্জ্বল ড্যাফোডিল যত দেখি ভিজে উঠে চোখ/ কতই না দ্রুত চলে যায়/ তোমাদের মত এক সংক্ষিপ্ত জীবন। আমাদের যৌবন বসন্তকালের মতই, এসেই আবার চলে যায়/ পলক ফেরালেই নাই, সব ফাঁকা।)




Robert Herrick
To Daffodils
Personification
Alliteration
Fair daffodils, we weep to see
Personification
You haste away so soon;
As yet the early-rising sun
Metaphor
Personification
Has not attain'd his noon.
Symbol

# d. The Commonwealth Period

Duration: 1649-1660



*Oliver Cromwell*

## এ যুগের কিছু গুরুত্বপূর্ণ তথ্য:


- ✓ এই যুগও puritan যুগের অন্তর্ভুক্ত।
- ✓ There was no monarch in England inthis period.
- ✓ কারণ ১৬৪৯ সালে প্রথম চার্লসকে শিরশ্ছেদ করা হয়েছিল।
- ✓ ১৬৪৯ সালে প্রথম চার্লস নিহত হওয়ার পর Oliver Cromwell ক্ষমতায় আরোহণ করেন। ১৬৫৮ সালে Oliver Cromwell এর মৃত্যুর পর তার পুত্র Richard Cromwell England এর ক্ষমতায় আরোহণ করেন এবং তিনি অদক্ষতার কারণে জনপ্রিয়তা হারান (became gradually unpopular)। ***শেষ পর্যন্ত Cromwell-দের পরিণতি কী হয়েছিল তা জানতে*** *বইয়ের* ***৬৯ নং*** *পৃষ্ঠায় দেখুন।*
- ✓ **১৬৬০ সালে রিচার্ড ক্রমওয়েল ক্ষমতাচ্যুত হওয়ার মাধ্যমে ইংল্যান্ডে রেনেসাঁ যুগের পরিসমাপ্তি ঘটে।** (English people realized that Monarchy was essential for them.)
- ✓ ১৬৫৮ সালে **সম্রাট আওরঙ্গজেবের আমলে** (1658–1707) ইস্ট ইন্ডিয়া কোম্পানির একজন প্রতিনিধি হিসেবে জেমস হার্ট। ঢাকা প্রবেশ করার মধ্য দিয়ে বাংলায় ইংরেজ আগমন শুরু হয়।



- ✓ **আওরঙ্গজেবের** আমলে ১৬৯০ সালে সম্পাদিত একটি সন্ধি চুক্তি মোতাবেক ইস্ট ইন্ডিয়া কোম্পানি সমগ্র ভারতবর্ষে বার্ষিক তিন হাজার টাকার বিনিময়ে বিনা শুল্কে বাণিজ্য করার অধিকার ফিরে পায়।এই সন্ধির ফলে ইস্ট ইন্ডিয়া কোম্পানি জন চার্নকের নেতৃত্বে ১৬৯০ সালের ২৪ আগস্ট সুতানটিতে বাণিজ্যকুঠি স্থাপন করে।

## Commonwealth Period এর কিছু সাহিত্যিক:

### 1) Thomas Hobbes: (1588-1679)




✓ A political philosopher

তার বিখ্যাত বইয়ের নাম- Leviathan

(এই গ্রন্থে হবস্ সামাজিক চুক্তির পক্ষে যুক্তি প্রদর্শন করেন)

Quote: The end of knowledge is power.

### 2) Jeremy Taylor: (1613-1667)

**Famous prose:**

♦ Holy Living ♦ Holy Dying